

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৫. ২. ১৩. নাসরতীয় যীশু বিষয়ক উদ্ধৃতিতে মথির বিকৃতি

মথি বলেছেন, হেরোদের মৃত্যুর পরে যীশুর পিতামাতা তাঁকে নিয়ে মিসর থেকে ফিলিস্তিনে ফিরে আসেন এবং গালীল প্রদেশের নাসরত শহরে বাস করতে থাকেন। এভাবে খ্রিষ্ট বিষয়ক ভবিষ্যদ্বাণী পূর্ণ হয়: "তাঁরা নাসরত নামক নগরে গিয়ে বাস করতে লাগলেন, যেন নবীদের মধ্য দিয়ে নাজেল হওয়া এই কালাম পূর্ণ হয় যে, তিনি নাসরতীয় বলে আখ্যাত হবেন।" (মথি ২/২৩, মো.-১৩)

মথির এ কথাটা নবীদের নামে শতভাগ অসত্য বা বিকৃতি। পুরাতন নিয়মের মধ্যে বিদ্যমান কোনো ভাববাদীর কোনো পুস্তকেই এ কথা নেই। ইহুদিরা এ বিষয়ে কঠিন আপত্তি করেন। তারা বলেন যে, মথির এ কথাটা ভাববাদীদের নামে জঘন্য মিথ্যাচার ও জালিয়াতি। উপরস্ত প্রাচীন যুগ থেকে যীশুর যুগ পর্যন্ত এবং বর্তমানেও ইহুদিরা বিশ্বাস করেন যে, নাসরত নগর তো দূরের কথা, গালীল প্রদেশ থেকেই কোনো নবী আবির্ভূত হননি এবং হবেন না। যোহনের ভাষায়: "অনুসন্ধান করে দেখ, গালীল থেকে কোনো নবীর উদয় হয় না।" (ইউহোন্না/ যোহন ৭/৫২, মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14221

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন